# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd, chairman@rajshahieducationboard.gov.bd

মানসম্মত যুগোপযোগী শিক্ষা বিকাশে অঙ্গীকারাবদ্ধ

স্মারক নম্বর : রাশিবো/পি.এস-১২৮ তারিখ : ১৮/০৪/২০২২ খ্রিস্টাব্দ

**বিষয় : গণহত্যা-নির্যাতন ও মুক্তিযুদ্ধ বিষয়ক পোস্ট গ্র্যাজুয়েশন ট্রেনিং কোর্স-এ অংশগ্রহণ প্রসঙ্গে।**

**সূত্র :**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রফেসর ড. মুনতাসীর মামুন পরিচালিত '৭১ গণহত্যা-নির্যাতন আর্কাইভ ও জাদুঘর' ট্রাস্টের অধীনে গণহত্যা-নির্যাতন ও মুক্তিযুদ্ধ বিষয়ক গবেষণা কেন্দ্র থেকে নিয়মিত 'গণহত্যা-নির্যাতন ও মুক্তিযুদ্ধ ১৯৭১' শীর্ষক একটি প্রশিক্ষণ কোর্স পরিচালিত হচ্ছে। ইতোমধ্যে বিভিন্ন জেলায় অনুষ্ঠিত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারীদের ৩০০ এর অধিক গবেষণামূলক গ্রন্থ এ প্রতিষ্ঠান প্রকাশ করেছে। একাত্তরের গণহত্যার সঠিক ইতিহাস তুলে ধরার লক্ষ্য নিয়ে রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন প্রতিষ্ঠান প্রধান/মনোনীত শিক্ষকগণের অংশগ্রহণে গণহত্যা যাদুঘরের সাথে যৌথ আয়োজক হিসেবে রাজশাহী শিক্ষা বোর্ড উপর্যুক্ত বিষয়ে প্রশিক্ষণ কোর্সের আয়োজন করতে যাচ্ছে।

এটি একটি সার্টিফিকেট কোর্স হলেও উচ্চতর ডিগ্রির ন্যায় এ কোর্স ১ ক্রেডিট= ৮ ঘন্টা হিসেবে মোট ১৫ ক্রেডিটের বেশি হবে। শ্রেণিকক্ষ আলোচনা ছাড়াও মুক্তিযুদ্ধ ও গণহত্যা বিষয়ক একটি গবেষণামূলক কার্যক্রম সম্পন্ন করা সকল প্রশিক্ষণার্থীর জন্য বাধ্যতামূলক। গবেষণা পদ্ধতি প্রশিক্ষণার্থীদের হাতে-কলমে শেখানো হবে।

কোর্সটি অষ্টম ব্যাচ হিসেবে আগামী ১৩ই মে হতে প্রতি সপ্তাহে দুদিন (শুক্র ও শনিবার) রাজশাহী টিটি কলেজ/রাজশাহী কলেজ অডিটোরিয়ামে প্রশিক্ষণ চলবে। দেশবরেণ্য ব্যক্তিবর্গ, অধ্যাপক, মুক্তিযোদ্ধা, লেখক, গবেষক এ কোর্সটিতে প্রশিক্ষণ প্রদান করবেন।

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদ্‌যাপনের ধারাবাহিকতায় মুক্তিযুদ্ধ বিষয়ক পোস্ট গ্র্যাজুয়েশন ট্রেনিং কোর্স গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী ডাঃ দিপুমনি, এম.পি শুভ উদ্বোধন করতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

উক্তট্রেনিং কোর্স-এ অংশগ্রহণের নিমিত্তে আগ্রহী প্রশিক্ষণার্থীগণ এতদ্বসংগে সংযুক্ত আবেদন ফরমের (কর্তৃপক্ষের সুপারিশসহ) সাথে কোর্স ফি ২৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা নিম্নস্বাক্ষরকারীর নিকট ২৫ এপ্রিল ২০২২ তারিখের মধ্যে জমাদানের জন্য অনুরোধ করা হলো।

১৮/০৪/২২

প্রফেসর মোঃ হাবিবুর রহমান
পরিচিতি নম্বর- ৪৫৬০
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
ও
গণহত্যা-নির্যাতন ও মুক্তিযুদ্ধ বিষয়ক পোস্ট গ্র্যাজুয়েশন ট্রেনিং
রাজশাহী শিক্ষা বোর্ডের পক্ষে ব্যবস্থাপনা কমিটির আহবায়ক
ফোন : ০২৫৮৮৮৫৬২৭০ (পি.এস)

অধ্যক্ষ/প্রধান শিক্ষক
এ বোর্ডের আওতাধীন সকল নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয়, উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ।

প্রয়োজনে ফোন করুন : ০১৭১৬-৭৬০৪৮৫ (ড. মাহববর রহমান)

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd, chairman@rajshahieducationboard.gov.bd

মানসম্মত যুগোপযোগী শিক্ষা বিকাশে অঙ্গীকারাবদ্ধ


# গণহত্যা-নির্যাতন ও মুক্তিযুদ্ধ বিষয়ক গবেষণা কেন্দ্র

[সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের একটি বিশেষ প্রকল্প]

## গণহত্যা-নির্যাতন ও মুক্তিযুদ্ধ বিষয়ক
## ৮ম পোস্ট গ্র্যাজুয়েশন ট্রেনিং কোর্স (পিজিপি)

সহযোগিতা- মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

## ভর্তি বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের বিশেষ প্রকল্প 'গণহত্যা-নির্যাতন ও মুক্তিযুদ্ধ বিষয়ক গবেষণা কেন্দ্র' থেকে নিয়মিত গণহত্যা-নির্যাতন ও মুক্তিযুদ্ধ বিষয়ক একটি পোস্ট গ্র্যাজুয়েশন ট্রেনিং কোর্স পরিচালিত হয়। মুক্তিযুদ্ধের ইতিহাস রচনায় প্রশিক্ষিত গবেষক তৈরী, গবেষণা পদ্ধতি সম্পর্কে ধারণা, একাত্তরের গণহত্যার সঠিক ইতিহাস তুলে ধরার লক্ষ্য ইতোমধ্যে খুলনা, রাজশাহী, দিনাজপুর, বরিশাল, কুমিল্লা, ঢাকা ও যশোর এই কোর্স পরিচালিত হয়েছে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহীর সাথে যৌথভাবে গবেষণা কেন্দ্র এবার রাজশাহীতে আয়োজন করতে যাচ্ছে ৮ম পোস্ট গ্র্যাজুয়েশন ট্রেনিং কোর্স।

**ভর্তির যোগ্যতা :** যে কোন বিষয়ে কমপক্ষে স্নাতক/ডিগ্রী/সমমানের শিক্ষার অধিকারি, মুক্তিযুদ্ধের ইতিহাসে আগ্রহী, লেখালেখির সাথে সম্পৃক্ত স্কুল/কলেজ/বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, গণমাধ্যম কর্মী, গবেষক বা পেশাগতভাবে মুক্তিযুদ্ধ সংক্রান্ত কাজের সাথে যুক্ত এমন যে কেউ কোর্সে অংশ নিতে পারবেন। প্রশিক্ষণে শিক্ষাবোর্ডের অধীনস্থ সকল কলেজ/মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক/প্রাথমিক স্কুলের শিক্ষকদের অগ্রাধিকার দেয়া হবে। ইতিহাস, বাংলা, ইংরেজি, সমাজ বিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান, দর্শন, ইতিহাসসহ মানবিক ও সামাজিক বিজ্ঞানের যে কোনো বিষয়ে স্নাতক/স্নাতকোত্তররা এই প্রশিক্ষণে অগ্রাধিকার পাবেন।

**ক্লাস বিষয়ক তথ্য :** এক মাসে প্রতি শুক্র ও শনিবারে ৮দিনে ৩২টি ক্লাসের মাধ্যমে কোর্স ওয়ার্ক শেষ করা হবে। কোর্সের অংশ হিসেবে মাঠ পর্যায়ে গবেষণায় সম্পৃক্ত হতে হবে।

**রেজিস্ট্রেশন ফি :** ২৫০০/- (দুই হাজার পাঁচশত টাকা মাত্র)

**ভর্তির শেষ সময় :** আগামী ২৫ এপ্রিল ২০২২ এর মধ্যে www.genocidemuseumbd.org বা রাজশাহী শিক্ষা বোর্ড দপ্তর থেকে ভর্তি ফরম সংগ্রহ করে পূরণকৃত ফরম, ২কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্রের কপি, সর্বশেষ শিক্ষা সনদ ও রেজিস্ট্রেশন ফি সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহীতে জমা দিতে হবে।

* প্রশিক্ষণ বিষয়ক যাবতীয় তথ্যের জন্য গণহত্যা জাদুঘরের ওয়েব সাইট থেকে সংযুক্ত প্রশিক্ষণ ম্যানুয়াল দেখার অনুরোধ করা হলো।

### যোগাযোগের ঠিকানা


**বিদ্যালয় পরিদর্শক**
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

**ড. মো. মাহবুবর রহমান**
কোর্স পরিচালক, পোস্ট গ্র্যাজুয়েট ট্রেনিং কোর্স
গণহত্যা-নির্যাতন ও মুক্তিযুদ্ধ বিষয়ক গবেষণা কেন্দ্র, খুলনা
০১৭১৬-৭৬০৪৮৫

# গণহত্যা-নির্যাতন ও মুক্তিযুদ্ধ বিষয়ক গবেষণা কেন্দ্র

২৭৮/০৬, সোনাডাঙ্গা আ/এ (২য় ফেইজ), সোনাডাঙ্গা, খুলনা।
টেলিফোন: ০৪১-৭৩৩৭৮৮, মোবাইল: ০১৮১৬-২৮৮৬৭৪, ০১৮৪৩-৩৭৭৭৩৩
ই-মেইল: archivemuseum1971@gmail.com

নং-

## ভর্তি রশিদ

তাং- ....../....../........

| | |
|---|---|
| নামঃ.......................................................... | **ভর্তি ফি** |
| ঠিকানাঃ...................................................... | /- টাকা |
| কোর্সঃ........................................................ | কথায়ঃ.......................................................... |
| আবেদনকারীর স্বাক্ষর | গ্রহণকারীর স্বাক্ষর |

প্রকল্প বাস্তবায়নে- ১৯৭১ : গণহত্যা-নির্যাতন আর্কাইভ ও জাদুঘর ট্রাস্ট, খুলনা
পোষকতায়- সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

# গণহত্যা-নির্যাতন ও মুক্তিযুদ্ধ বিষয়ক গবেষণা কেন্দ্র

২৭৮/৬, সোনাডাঙ্গা আবাসিক এলাকা (২য় ফেইজ), খুলনা-৯০০০।

টেলিফোন: ০৪১-৭৩৩৭৮৮, মোবাইল: ০১৮১৬২৮৮৬৭৪, ০১৮৪৩৩৭৭৭৩৩

ই-মেইল: archivemuseum1971@gmail.com ওয়েবসাইট: www.genocidemuseumbd.org


## আবেদন ফরম

পোস্ট গ্র্যাজুয়েশন ট্রেনিং (পিজিটি)

অষ্টম ব্যাচ

১) পূর্ণ নাম (বাংলায়) ঃ

(ইংরেজিতে) ঃ

২) পিতা/স্বামীর নাম ঃ পেশা ঃ

৩) মাতার নাম ঃ পেশা ঃ

৪) জন্ম তারিখ ঃ

(মাধ্যমিক/সমমানের পরীক্ষার সনদপত্র অনুযায়ী)

৫) স্থায়ী ঠিকানা ঃ

৬) বর্তমান ঠিকানা ঃ

৭) টেলিফোন/মোবাইল নম্বর ঃ

৮) ই-মেইল ঃ

৯) শিক্ষাগত যোগ্যতা ঃ

১০) বর্তমান পেশা/কর্মস্থল ঃ

১১) যোগাযোগের পূর্ণ ঠিকানা ঃ

পূরণকৃত আবেদন ফরমের সাথে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, সকল শিক্ষা সনদের সত্যায়িত ফটোকপি ও সদ্য তোলা দুই কপি রঙিন পাসপোর্ট সাইজের ছবি জমা দিতে হবে।

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ

পরিচালক এর স্বাক্ষর ও তারিখ